**AKASHVANI (Kolkata)**

**Regional News Unit**

**Date: 17-10-2025** **Desk in Charge : SDG**

**Time : 1.30 PM** **Compiling : Suvankar B. / Prabir B.**

**DEO : KB** **NR:- Prabir B.**

Announcement :- আকাশবাণী / খবর পড়ছিঃ-

বিশেষ বিশেষ খবর –

১। রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু আজ নতুন দিল্লিতে 'আদি কর্মযোগী' অভিযানের ওপর একটি জাতীয় সম্মেলনের অংশ নেবেন।

২। প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং আজ হিন্দুস্তান অ্যারোনটিক্সের নতুন নাসিক উৎপাদন লাইন থেকে প্রথম যুদ্ধবিমান তেজস LCA MK1A উদ্বোধন করেছেন।

৩। ছত্তিসগড়ে আজ ১১০ জন মহিলাসহ ২০৮ জন মাওবাদি আত্মসমর্পণ করেছে।

৪। সুপ্রিম কোর্ট ডিজিটাল গ্রেফতারের বিষয়ে কেন্দ্র এবং CBI-এর কাছে থেকে জানতে চেয়েছেন।

৫। বিহার বিধানসভা নির্বাচনের প্রথম পর্বের ভোটের মনোনয়ন জমা দেওয়ার আজ শেষ দিন।

****************************************************************************

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু আজ নতুন দিল্লিতে আদি কর্মযোগী অভিযানের জাতীয় সম্মেলনে যোগ দেবেন। আদিবাসী বিষয়ক মন্ত্রক বিকশিত ভারত অভিযানের আওতায় এই সম্মেলনের আয়োজন করছে। এই সম্মেলনটি প্রধানমন্ত্রী জনমান এবং ধরতি আবা অভিযানের সঙ্গে যৌথভাবে অনুষ্ঠিত হচ্ছে।

কেন্দ্রীয় আদিবাসী বিষয়ক মন্ত্রী জুয়াল ওরাম, আদিবাসী বিষয়ক প্রতিমন্ত্রী, কেন্দ্রীয় ও রাজ্য সচিব, জেলাশাসক, প্রশিক্ষক এবং আদি সহযোগী প্রতিনিধিরা এই অনুষ্ঠানে যোগ দেবেন। এই সম্মেলনে 'ট্রাইবাল ভিলেজ ভিশন ২০৩০' বাস্তবায়ন করার সমস্ত বিষয় পর্যালোচনা হবে। এই কনক্লেভে, শিক্ষা ও দক্ষতা উন্নয়ন, স্বাস্থ্য ও পুষ্টি, জীবিকা ও উদ্যোক্তা, পরিকাঠামো ও প্রশাসন সহ একাধিক অগ্রাধিকারমূলক ক্ষেত্রগুলিতে আলোচনা করা হবে।

**********************

প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং আজ হিন্দুস্তান অ্যারোনটিক্সের নতুন নাসিক উৎপাদন লাইন থেকে প্রথম যুদ্ধবিমান তেজস এলসিএ এমকে১এ উদ্বোধন করেন। অনুষ্ঠানের সময়, প্রতিরক্ষা মন্ত্রী একই সুবিধায় এইচ টি টি-৪০ প্রশিক্ষণ বিমানের জন্য দ্বিতীয় উৎপাদন ইউনিটেরও উদ্বোধন করেছেন।

এই অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে, শ্রী সিং নাসিক বিভাগে প্রস্তুত সুখোই-৩০, এল সি এ এবং এইচ টি টি-৪০ বিমানের প্রশংসা করেন। তিনি বলেন, এই বিমানগুলি প্রতিরক্ষা বিভাগে দেশের স্বনির্ভরতার যাত্রা।

বেঙ্গালুরুতে ইতিমধ্যেই দুটি নতুন সুবিধায় তেজস যুদ্ধবিমানের উৎপাদন চলছে। এখানে বছরে ১৬টি জেট তৈরি হচ্ছে। নাসিক ইউনিটি টি তৃতীয় উৎপাদন কেন্দ্রও। দেড়শ কোটি টাকারও বেশি বিনিয়োগে এই নির্মিত নাসিকের কেন্দ্র থেকে বছরে ৮ টি করে

বিমাণ প্রস্তুত হবে বলে জানা গিয়েছে। এর ফলে এইচ এ এল-এর উৎপাদন ক্ষমতা হবে বার্ষিক ২৪টি বিমান।

**********************

২০৮ জন মাওবাদী আজ অস্ত্র-সহ ছত্তিশগড়ে আত্মসমর্পণ করেছে। আত্মসমর্পণকারীদের মধ্যে ১১০ জন মহিলা এবং ৯৮ জন পুরুষ। মোট ১৫৩টি আগ্নেয়াস্ত্র এদিন আত্মসমর্পণকারীদের তরফে জমা দেওয়া হয়েছে, যার মধ্যে রয়েছে ১৯টি একে-৪৭ রাইফেল ও ১৭টি এসএলআর রাইফেল। উত্তর বস্তার ও অবুঝমাড় অঞ্চল প্রায় মাওবাদী মুক্ত বলে প্রশাসনের তরফে জানানো হয়েছে।

**********************

সুপ্রিম কোর্ট, ডিজিটাল গ্রেপ্তারের বিষয়ে কেন্দ্র এবং সিবিআই-এর কাছ থেকে জানতে চেয়েছে। ডিজিটাল গ্রেপ্তারের ঘটনা ক্রমশ বেড়ে চলায় সুপ্রিম কোর্ট উদ্বেগ প্রকাশ করেছে। ডিজিটাল গ্রেপ্তারির মাধ্যমে প্রতারকরা কেন্দ্রীয় তদন্ত সংস্থা বা বিচার বিভাগীয় কর্তৃপক্ষের ছদ্মবেশে নাগরিকদের বিশেষ করে প্রবীণ নাগরিকদের প্রতারণা করছে। আদালতের পর্যবেক্ষণে ভুয়ো আদেশের ব্যবহার বিচার বিভাগের ওপর জনগণের আস্থার ভিত্তিকে আঘাত করছে। তাই এই ব্যাপারটিকে অত্যন্ত গুরুত্ব সহকারে দেখা উচিত।

উল্লেখ্য, হরিয়ানার আম্বালার ৭৩ বছর বয়সী এক মহিলার কাছ থেকে পাওয়া অভিযোগের ভিত্তিতে এই ব্যবস্থা নেওয়া হয়েছে। ঐ মহিলা অভিযোগ করেন যে, প্রতারকরা সুপ্রিম কোর্টের নামে জাল আদেশ ব্যবহার করে তাকে ডিজিটালি গ্রেপ্তার করা হয়। পরে তার কাছ থেকে এক কোটি টাকারও বেশি প্রতারকরা আদায় করে।

**********************

বিহারে বিধানসভা নির্বাচনের প্রথম পর্বের জন্য মনোনয়ন জমা দেওয়ার শেষ দিন আজ। এই পর্বে ২৪৩ টি আসনের মধ্যে ১২১ টিতে ভোট নেওয়া হবে। ভোটগ্রহণ ৬ই নভেম্বর।

পাটনা, দ্বারভাঙা, মুজফ্ফরপুর, গোপালগঞ্জ এবং ভোজপুর সহ বিভিন্ন জেলায় প্রথম পর্বের ভোটগ্রহণ করা হবে। মনোনয়ন পত্র পরীক্ষা করা হবে আগামীকাল। প্রত্যাহারের শেষ দিন বিশে অক্টোবর।

দ্বিতীয় পর্বে ১১ ই নভেম্বর ভোট নেওয়া হবে। ভোট গণনা ১৪ ই নভেম্বর।

**********************

আসন্ন বিহার বিধানসভা নির্বাচনের প্রচারাভিযান নিয়ে বরিষ্ঠ বিজেপি নেতা ও কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ আজ মুখ্যমন্ত্রী নীতিশ কুমারের সঙ্গে পটনায় বৈঠক করেছেন। JDU সাংসদ সঞ্জয় ঝা জানিয়েছেন, নির্বাচনের প্রচার কর্মসূচি নিয়ে তাঁদের মধ্যে কথা হয়েছে। দুই নেতাই আজ থেকে বিহারে ভোটের প্রচার শুরু করছেন।

**********************

রাজস্থানের একটি বিধানসভা আসনের উপনির্বাচনের জন্য বিজেপি আজ প্রার্থীর নাম ঘোষণা করেছে। রাজস্থানের আঁতা বিধাসভা আসনে প্রার্থী হয়েছেন মোরপাল সুমন। বিজেপির কেন্দ্রীয় নির্বাচন কমিটি সুমনের নাম চূড়ান্ত করেছে।

**********************

শবরীমালা মন্দিরে সোনা চুরির ঘটনায় আজ মূল অভিযুক্ত উন্নিকৃষ্ণণ পোট্টিকে গ্রেফতার করেছে কেরালা পুলিশের বিশেষ তদন্তকারী দল (সিট)। ঘটনায় এই প্রথম কাউকে গ্রেফতার করল পুলিশ। কেরালা হাইকোর্টের নির্দেশে সবরীমালা মন্দিরে সোনার পাত চুরির ঘটনার তদন্ত করছে পুলিশের বিশেষ তদন্তকারী দল।

**********************

উত্তরপূর্বাঞ্চল এখন দেশের চালিকা শক্তি হয়ে উঠেছে বলে কেন্দ্রীয় মন্ত্রী জ্যোতিরাদিত্য সিন্ধিয়া মন্তব্য করেছেন। নতুন দিল্লিতে আজ উত্তরপূর্বাঞ্চল মন্ত্রকের এক বছরের অর্জন

সম্পর্কে সংবাদমাধ্যমের মুখোমুখি হয়ে শ্রী সিন্ধিয়া বলেন যে, গত এগারো বছরে সরকার উত্তর-পূর্বাঞ্চলের সম্ভাবনাকে বিশ্ব মঞ্চে তুলে ধরার জন্য কাজ করেছে। তিনি বলেন, গত এগারো বছরে উত্তর-পূর্বাঞ্চলে বিমানবন্দরের সংখ্যা নয়টি থেকে সতেরোটিতে উন্নীত হয়েছে। শ্রী সিন্ধিয়া আরও বলেন যে উত্তর-পূর্ব রাজ্যগুলিতে জাতীয় মহাসড়ক দশ হাজার কিলোমিটার থেকে ১৬ হাজার কিলোমিটারে হয়েছে।

মন্ত্রী বলেন, উত্তর-পূর্বাঞ্চলের বিনিয়োগ এবং বৃদ্ধির সম্ভাবনার জন্য বেশ কয়েকটি উদ্যোগ নেওয়া হয়েছে। শ্রী সিন্ধিয়া বলেন, চলতি বছরের মে মাসে অনুষ্ঠিত ক্রমবর্ধমান উত্তর-পূর্ব শীর্ষ সম্মেলনের সময় চার লক্ষ ৪৮ হাজার কোটি টাকার বিনিয়োগের প্রতিশ্রুতি নিশ্চিত করা হয়েছে। তিনি বলেন যে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর চালু করা অষ্টলক্ষ্মী দর্শন কর্মসূচির আওতায়, দেশজুড়ে তিন হাজার ২০০ শিক্ষার্থী সাংস্কৃতিক বিনিময়ের জন্য উত্তর-পূর্বাঞ্চলে আসবেন।

**********************

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ২৬ শে অক্টোবর আকাশবাণীতে “মন-কি-বাত” অনুষ্ঠানে তাঁর চিন্তাভাবনা দেশ-বিদেশের মানুষের সঙ্গে ভাগ করে নেবেন। এটি হবে মন-কি-বাতের ১২৭-তম পর্ব।

বেলা ১১-টা থেকে আকাশবাণী এবং দূরদর্শনের সবকটি চ্যানেল এবং আকাশবাণীর নিউজ অন এ.আই.আর. ওয়েবসাইট, মোবাইল অ্যাপ, প্রধানমন্ত্রীর দফতর, তথ্য ও সম্প্রচারমন্ত্রকের ওয়েবসাইট ও ইউটিউব চ্যানেলেও “মন-কি-বাত” সম্প্রচারিত হবে।

হিন্দিতে এই অনুষ্ঠান সম্প্রচারিত হবার পরেই আঞ্চলিক ভাষায় এর তর্জমা শোনা যাবে। নিঃশুল্ক নম্বর ১৮০০-১১-৭৮০০ নম্বরে ম্যাসেজ করে কিংবা মাই গভ বা নমো অ্যাপে মতামত জানানো যাবে।

**********************

ভারতের আবহাওয়া দফতর (আইএমডি) আগামী দু'দিন কেরালা, মাহে, তামিলনাড়ু, পুদুচেরি ও কারাইকালে বর্জ্র বিদ্যুৎ-সহ ভারী থেকে অতি ভারী বৃষ্টি ও ঝোড়ো হাওয়ার পূর্বাভাস জারি করেছে। আজ ভারী বৃষ্টি হতে পারে লাক্ষাদ্বীপ, অন্ধ্রপ্রদেশ, কর্ণাটকের উপকূল ও দক্ষিণ ভাগে। প্রতি ঘণ্টায় সর্বোচ্চ ৫৫ কিলোমিটার বেগে ঝোড়ো হাওয়া বইতে পারে কেরালা, কর্ণাটক, লাক্ষাদ্বীপ, তামিলনাড়ু ও অন্ধ্রপ্রদেশের উপকূলভাগে।

**********************

শ্রীলঙ্কার কলম্বোতে আজ আই সি সি মহিলা বিশ্বকাপের খেলায় শ্রীলঙ্কা এবং দক্ষিণ আফ্রিকা মহিলা দল মুখোমুখি হবে। খেলা শুরু হবে বিকাল তিনটেয়।

আবহাওয়ার পূর্বাভাস অনুযায়ী, হালকা বৃষ্টিপাতের কারণে খেলা ব্যাহত হতে পারে অথবা প্রেমদাসা স্টেডিয়ামের পিচের ওপর প্রভাব পড়তে পারে।

এদিকে, গতরাতে বিশাখাপত্তনমে বাংলাদেশকে ১০ উইকেটে হারিয়ে অস্ট্রেলিয়া সেমিফাইনালে ওঠা নিশ্চিত করেছে।

এই জয়ের ফলে অস্ট্রেলিয়া পাঁচ ম্যাচে নয় পয়েন্ট নিয়ে বিশ্বকাপ টেবিলের শীর্ষে উঠে এসেছে। চার পয়েন্ট নিয়ে এবং গ্রুপ এ-তে দ্বিতীয় স্থানে থাকা ভারত রবিবার একটি গুরুত্বপূর্ণ ম্যাচে অপরাজিত অস্ট্রেলিয়ার মুখোমুখি হবে।

**********************

ডেনমার্ক ওপেন ব্যাডমিন্টন প্রতিযোগিতায়, ভারতের লক্ষ্য সেন কোয়ার্টার ফাইনালে ফ্রান্সের অ্যালেক্স ল্যানিয়ারের মুখোমুখি হবেন। খেলা শুরু হবে বিকেল ৫ টা ১০ মিনিটে।

*******************************************************************